# Tag question /(যুক্ত প্রশ্ন বা জুড়ে দেওয়া)

**সংজ্ঞাঃ-** বক্তা তার বক্তব্য সম্পর্কে শ্রোতার মতামত যাচাইয়ের জন্য বক্তব্যের শেষে যে ছোট প্রশ্ন জুড়ে দেয় তাকে **tag Question** বলে। অথবা কোন **statement** এর শেষে বক্তার বক্তব্যের সমর্থন পেতে আমরা অনেক সময় বলে থাকি “তাই কি”/তাই নয় কি/সেকি/সেকি নয়” ইত্যাদি **expression** কেই **tag question** বলে। যথাঃ-

- Tahsin is a regular student, isn’t she? (তাহসিন একজন নিয়মিত ছাত্রী তাই নয় কি?)

**ব্যাখ্যাঃ-** এখানে **Auxiliary verb ‘is’** এর কারণে **‘is’** হয়েছে + **Statement** টি **Affirmative statement** থাকায় **tag** টি **Negative** হয়েছে **“isn’t”** আর **“Tahsin”** মেয়ে দেখে **“She”** হয়েছে + প্রশ্নবোধক চিহ্ন (?) বসেছে।

## Tag নিয়ে জরুরি নির্দেশনা

**1.** প্রথমে **Sentence/statement** টি **Affirmative/nagetive** এ আছে কি না সেটা দেখতে হবে।

**2. Auxiliary verb** কে খুজে বের করতে হবে অনেক ক্ষেত্রে **Auxiliary verb** দেওয়া না থাকলে **main verb** থেকে **Auxiliary verb** বের করে **do verb “do/does/did”** কে বসাতে হবে **Tense, Sub** ও **verb** অনুসারে।

**3. Sub** খুজতে হবে।

## Tag নিয়ে টেকনিক

**1. Sentence** বা **Statement** টি **Affirmative** হলে **tag** টি **negative** হবে।

**2. Sentence** বা **Statement** টি **Negative** হলে **tag** টি **Affirmative** হবে।

**Affirmative statement = Negative Tag.**
**Negative Statement = Affirmative tag.**

## Tag সম্পর্কে যা জানা দরকার

- **Tag question** এর অপর নাম **Tag/mini question.**
- প্রথম অংশকে **sentence/statement** বলে এবং দ্বিতীয় অংশকে **tag question/mini** বলে।
- **“Auxiliary verb” not/n’t** না বোধক এবং **Subject word** এর **pronoun form** এগুলো সমন্ধে জ্ঞান রাখতে হবে। এবং মূল **Sentence** এর কোন পরিবর্তন হয় না।
- মূল বাক্যে **Auxiliary verb** থাকলে ঐ **Auxiliary verb** টি **tag** অংশে চলে যাবে। কিন্তু মূল বাক্যে **Auxiliary verb** না থাকলে মূল **verb** এর রুপ অনুযায়ী **tag** অংশে **Do verb ( do/did/does)** বসবে।
- সব শেষে প্রশ্ন বোধক চিহ্ন (?) বসবে। প্রশ্ন বোধক চিহ্ন (?) না দিলে উত্তর ভুল হবে।

# Structure of tag question:




**Exam:**

- Himu was writing, wasn’t she? (Negative tag)
- Raju can’t swim, can he? (Affirmative tag)
- I could solve the sum, couldn’t I? (Negative tag)
- He has not completed the task, has he. (Affirmative tag)

**ব্যাখ্যা:** ১ম বাক্যটি **Affi Statement** এ আছে বিধায় **tag** টি **negative** হয়েছে। আর দ্বিতীয় বাক্যটি **Negative Statement** এ আছে বিধায় **tag** টি **Affirmative** হয়েছে।

**Note:** **Tag Question** এর **Subject** কখনোই **Noun** হয় না। শুধু **pronoun** এ ব্যবহৃত হয়। **Contraction form** এ লিখতে হবে।

**** Tag Question** এর **auxiliary verb** গুলোকে সব সময় **contraction form** এ লিখতে হয়।

| | |
|---|---|
| 1. Am not | = ain’t/aren’t (কিন্তু amn’t হবে না) |
| 2. is not | =Isn’t |
| 3. Are not | =Aren’t |
| 4. was not | =Wasn’t |
| 5. were not | =Weren’t |
| 6. have not | =Have’t |
| 7. has not | =Hasn’t |
| 8. had not | =Hadn’t |
| 9. shall not | =Shan’t (Shalln’t হবে না) |
| 10. will not | =Won’t (willn’t হবে না) |
| 11. should not | =Shouldn’t |
| 12. would not | =Wouldn’t |
| 13. Cannot | =Can’t |
| 14. Could not | =Couldn’t |

| | |
|---|---|
| 15. Might not | =Mightn’t |
| 16. Must not | =Mustn’t |
| 17. Do not | =Don’t |
| 18. Did not | =Didn’t |
| 19. Does not | =Doesn’t |
| 20. Need not | =Needn’t |
| 21. Used not | =Usedn’t |
| 22. Ought not to | =Oughtn’t to |

**** অনেক সময় statement এ কোন Auxiliary verb দেওয়া থাকে না। এক্ষেত্রে statement এর main verb থেকে Auxiliary verb বের করে নিতে হয়।**

v1 থাকলে ⇨ do লিখতে হবে।

v2 থাকলে ⇨ did

v (s/es/ies) থাকলে ⇨ does লিখতে হয়।

যথা:-

- He helps me, doesn’t he?

ব্যাখ্যা:- ‘help’ verb এর সাথে ‘s’ যোগ হওয়ায় doesn’t হয়েছে (মূলত এখানে auxiliary verb নেই)।

- We take tea, don’t we?

ব্যাখ্যা:- ‘take’ এখানে ‘veb’ অবস্থায় আছে বিধায় don’t বসেছে।

- She helped me, didn’t she?

ব্যাখ্যা:- ‘helped’ এখানে v2 তাই did not বসেছে।

## Tag Question এর ক্ষেত্রে Subject এর পরিবর্তন

| Subject of Statement | Sub in tag |
|---|---|
| Raju (Name of পুরুষ) | He |
| Tahsin (Name of মেয়ে) | She |
| All থাকলে | It |
| All + Noun থাকলে (plural) | They |
| --- যত রকমের ......... body .........any body, somebody, nobody etc | They |
| --- যত রকমের ......... one ......... anyone, someone, no one etc | They |
| --- যত রকমের Thing ......... any thing, some thing etc | He (বড় হাতের) |
| Allah.God | We |

| | |
|---|---|
| … of us থাকলে one of us most of us etc | We |
| …… of yo | You |
| ….. of them …… most of them, some of them, All of them etc. | They |
| একের অধি ব্যক্তি/বস্তু | They |
| Abstract noun .Material noun এর ক্ষেত্রে | It বসবে |
| 1+2+3 (I + you + he) present | We |
| 2+3 (you+he) 2nd person | You |
| 3+3 (he + he) 3rd person | They |
| This/That | This/That or it |
| This/That + Noun | It |
| These/Those | These/those/they |
| Each/every + Noun | They |

**Rule-1:-** **কোন Statement/sentence এর Never, no, none, no one, no body, nothing, nowhere, neither, hardly, rarely, basely, Scarcely, Seldom, few, little ইত্যাদি থাকলে tag Question টি Affirmative হয়। কারণ এদের মধ্যেই Negative আছে।**

**Note:-** কিন্তু a few, a little, The few, The little থাকলে Statement টিকে Affirmative ধরে নিতে হয়।

যেমন:-

- Tahsin hardly helps me, does she?

ব্যাখ্যা:- Auxiliary verb নেই তাই tag এ does হয়েছে এবং hardly থাকার পরেও Tag টি Affirmative হয়েছে আর মেয়ে হওয়াই (She + ?) হয়েছে।

- He has few friends, has he?

ব্যাখ্যা:- “few” থাকার পরেও tag টি negative হয়নি কারণ few এর মধ্যেই Negative আছে।

- He has a few friends, hasn’t he?

ব্যাখ্যা:- “a few” থাকার কারণে tag টি negative হয়েছে।

**Rule-2:-** **Imperative Sentence এ**

1. let’s/let us থাকলে → shall we? লিখতে হয়
2. অন্যান্য সকল ক্ষেত্রে → will we? লেখতে হয়।

যেমন:-

1. Please, help me, will you?
2. Don’t vix me, will you?
3. Let me go, will you?

4. Let’s discuss the matter, Shall we?

**ব্যাখ্যাঃ-** প্রথম তিনটি উদাহরণে Let’s let us নেই তাই will we? বসেছে। আর চতুর্থ নং এ let’s থাকায় Shall we? বসেছে।

**Note:-** অনেক সময় will you? এর পরিবর্তে won’t you?-ও লেখা যায়।

**Rule-3:- Primary auxiliary verb:- do, does, did, an, is, are, was, were, have, has, had যোগে গঠিত কিছু tag.**

**যেমনঃ-**

- I am a student, aren’t I?

**ব্যাখ্যাঃ-** Statement টি positive + “am” A.v থাকায় aren’t হয়েছে।

- You have done it, haven’t you?

**ব্যাখ্যাঃ-** Statement টি positive + “am” A.v থাকায় are n’t হয়েছে।

- You have done it, haven’t you?

**ব্যাখ্যাঃ-** “have” A.v থাকায় haven’t হয়েছে।

- He is not a teacher, is he?

**ব্যাখ্যাঃ-** Statement টি Negative তাই tag টি Affirmative হয়েছে।

**Rule-4:- Modal Auxiliary verb: May, dare, might, Can, could, shall, should, will, would, must, need etc যোগে কিছু tag.**

**যেমনঃ-**

- We may fail at first, mayn’t we?

**ব্যাখ্যাঃ-** May এর কারণে Mayn’t হয়েছে।

**Rule-5:- It is/it was/it has দ্বারা সুগঠিত statement এর ক্ষেত্রে tag question হিসেবে is it/isn’t/was it/wasn’t it/has it/hasn’t it বসে।**

**যেমনঃ-**

- It is fairly a recent invention, isn’t it?

**ব্যাখ্যাঃ-** “It is” এর কারণে isn’t it? হয়েছে।

* কোন বাক্যের শুরুতে যদি This, That, These, Those subject হিসেবে থাকে তাহলে নিচের নিয়ম অনুসরণ করতে হয়।

→ Sub হিসেবে থাকলে এদের পরিবর্তে it/they বসে। Singular হলে it এর plural হলে they?

**যেমনঃ-**

- This is my book, is’t it?
- These are by books, aren’t they?

* কোন বাক্যের শুরুতে যদি All of us, Some of us, Every one of us, Most of us, None of us শব্দগুলো subject হিসেবে ব্যবহৃত হয় tag-এ এদের পরিবর্তে we বসে।

**যেমনঃ-**

- All of us should help the poor, shouldn’t we?

- All of us attended the meting, didn’t we?

* কোন statement এ যদি All of them, Some of them, Every one of them, Most of them, None of them এই word গুলো থাকে তাহলে tag এ they বসে।

যেমন:-

- All of them should help the poor, shouldn’t they?
- Most of them were abstract, weren’t they?

**Rule:19:- কোনো sentence এ subject হিসেবে none of, many of, many of, some of, most of, any of থাকে তবে tag question এ subject হিসেবে ব্যক্তি বোঝালে “they” বিষয় বস্তু বোঝালে “it” বসে।**

যেমন:-

- None of the problems can be solved, can it?
- Most of the people knew it before, didn’t they?

ব্যাখ্যা:- উপরে উল্লেখিত শব্দসমূহের পর noun টি সর্বদাই plural হয়। যেমন: none of the problems, some of the problems, most of the students etc.

**Rule:20:- Complex sentence কে tag করার সময় সর্বদাই main clause এর দিকে লক্ষ রেখে tag করতে হয়।**

যেমন:-

- If you say, I will go, won’t I?
- What you say is not true, isn’t it?
- I can help you as you desire, can’t I?

ব্যাখ্যা:- প্রথম বাক্যে “I will go” main clause। দ্বিতীয় বাক্যে মূলত “It is not true” এইটা main clause এবং তৃতীয় বাক্যে “I can lelp you” এইটা main clause। [clause অধ্যায় থেকে clause সম্বন্ধে জেনে নাও]

**Rule-9:- Here, there, one, this, that, these, those, it etc. Subject দ্বারা sentence শুরু হলে tag এ এ উক্ত শব্দ সমূহ subject হয়।**

যেমন:-

- Here is a phone number, isn’t here?
- There is a problem between you and him, isn’t herer?
- One should follow one’s financial condition, shouldn’t one?

**Rule-10:- কোনো বাক্যে subject হিসেবে everybody, somebody, nobody, everyone, none, no one ect. থাকলে Pronoun হিসেবে tag এ they বসে।**

যেমন:-

- Everybody wants to be happy, don’t they?
- None can trust a liar, can they?

ব্যাখ্যা:- উক্ত শব্দগুলো থাকলে যেহেতু pronoun হয় they, সেই জন্য “they” এই pronoun অনুযায়ী auxiliary verb বসাতে হবে। এই জন্য “doesn’t they” নয় বরং “do they” হয়েছে।

**Rule-12:- nothing/anything/something থাকলে tag এ pronoun হিসেবে it হবে।**

যেমন:-

- Nothing can be possible without great effort, can it?
- Anything is accepted, isn't it?

**Rule-14:- Used to যদিও একটি modal verb কিন্তু tag question এ used to তুলে দিয়ে did ব্যবহার করতে হয়।**

**যেমন:-**

- They used to talk more than need, didn't they?
- He used to swim in the river daily, didn't he?

**Rule-15:- Subject-verb বিহীন exclamatory sentence এর tag করতে isn't it বসাতে হয়। তবে, exclamatory sentence টিতে subject, verb উল্লেখ থাকলে উক্ত subject-verb অনুযায়ি tag হবে।**

**যেমন:-**

- How odd, isn't it?
- How funny, Isn't it?
- What a fantastic idea it was, wasn't it?

**Rule-16:- কোনো clause, phrase, infinitive phrase, verbal noun (v+ing) etc. যদি বাক্যের subject হয় তবে tag এ pronoun হিসেবে it বসে।**

**যেমন:-**

- What you said yesterday is completely fake (মিথ্যা), isn't it?
- To speak with the foreigners helps you to know them, doesn't it?
- Swimming in the river is called the best exercise, isn't it?

**Note:-** 1. To + v1 + ext. হলে তা infinitive phrase

2. Verb + ing হলে তা verbal noun.gerund

3. Clause মানে যার ভেতরে একটি subject ও একটি finite verb থাকবে।

**1. He excelled in sports ………?** [PUST (B): 16-17]

(a) won't he (b) don't he (c) doesn't he (d) didn't he (d)

**ব্যাখ্যা:-** Past indefinite tense এ "excelled- পারদর্শী হওয়া" থাকায় tag question এ "didn't" করা হয়েছে।

**2. Selent the appropriate tag question to complete the following sentences.**

**You may think you know the answer but you don't, ………..?** [KU (B): 16-17]

(a) don't you (b) would you (c) may you (d) do you (d)

**ব্যাখ্যা:-** অনেক লম্বা statement থাকলে fill in the gap এর কাছের বাক্যটি দেখে tag করতে হয়। সেইজন্য, "you don't" এর দিকে নজর দিয়ে tah question "do you" করা হয়েছে।

**3. You like milk in your tea ………..** [JKKNIU (C) 16-17)

(a) can you? (b) don't you? (c) have you? (d) did you (b)

**ব্যাখ্যা:-** Present indefinite tense এ "like" থাকায় tag question এ "don't you" কর হয়েছে।

**4. Choose the correct question tag for the sentence:**

**"It't been a long time since you've seen him …………..."** [CU (I): 16-17]

(a) hasn’t it? (b) isn’t it (c) haven’t you (d) hasn’t he (a)

ব্যাখ্যাঃ- যেহেতু “……. ‘s” এর পর মূল verb এর past participle “been” আছে। তাই এইটিকে “has” ভেবে tag question এ “hasn’t” করা হয়েছে।

**5. Chose the correct tag question: Sifat has been studying English since 2015 ………?** [BSMRSTU (D): 16-17]

(a) hadn’t been he (b) hasn’t he (c) has he not been (d) hasn’t he been (b)

ব্যাখ্যাঃ- Present perfect tense এ থাকায় tag question এ “hasn’t” নিয়ে আসা হয়েছে।

**6. Choose the correct tag question.** [RU (F): 15-16]

(a) I finished my duty, am not I? (b) I finished my duty, did I?

(c) I finished my duty, didn’t I? (d) I finished my duty, do not I? (c)

ব্যাখ্যাঃ- উপরের সবগুলো বাক্যের ভেতরে একমাত্র “(c)” নং উত্তর লক্ষ্য করলে দেখা যায়, প্রথম অংশ “finished” past tense থাকায় নিয়ম মেনে পরের অংশে “didn’t” করা হয়েছে।

**7. “You forgot my birthday, ……….’ Choose the best option for the gap.** [BU (C): 15-16]

(a) haven’t you? (b) didn’t you? (c) aren’t you? (d) wouldn’t you? (b)

ব্যাখ্যাঃ- বাক্যটি past indefinite tense এ থাকায়, সাধারণত নিয়ম অনুযায়ী “didn’t you” হয়েছে।

**8. We shall go home, ………..?** [MBSTU: 15-16]

(a) won’t we (b) shan’t we (c) shall we (d) don’t we (b)

ব্যাখ্যাঃ- Future indefinite tense এ “shall” থাকায় negative করতে “shan’t” করা হয়েছে।

**9. I am you well-wisher, ………….?** [CU (C1) 15-16]

(a) amn’t (b) am not I (c) am I not (d) aren’t I (d)

ব্যাখ্যাঃ- Assertive sentence টি “I am” দিয়ে হওয়ায় tag question টি “aren’t I” হয়েছে।

**10. The party starts at 8’O clock, ________?** [KU: 15-16]

(a) isn’t it (b) does it (c) does’t it (d) is it (c)

ব্যাখ্যাঃ- verb দ্বারা শুরু imperative sentence হওয়ায় tag question “will you” হয়েছে।

**11. Give him a ring, _______? Choose the appropriate option for the gap.** [BU (A): 15-16]

(a) don’t you (b) shall you (c) aren’t you (d) will you (d)

ব্যাখ্যাঃ- verb দ্বারা শুরু imperative sentence এর সাধারণ নিয়ম অনুযায়ি “does” বসিয়ে “The party” এর Pronoun “it” নেওয়া হয়েছে।

**12. Choose the current tag.**

**You’ll remember to call me, ………..?** [Sonali Bank (SO): 2014]

(a) will you (b) would you (c) won’t you (d) would not you (c)

ব্যাখ্যাঃ- প্রথম অংশে modal verb “will” থাকায় negative করার ক্ষেত্রে তা won’t হয়েছে। এবং Tag question এর নিয়ম অনুযায়ি pronoun বসেছে।

**13. There has not been a great response to the sale, ________?** [RU 13-14]

(a) does there (b) hasn’t there (c) hasn’t it (d) has there (d)

ব্যাখ্যা:- কোনো assertive sentence “there” দ্বারা শুরু হলে tag question এ subject হিসেবে “there” নিয়ে আসতে হয়।

Here/There/One/It/God/Allah (এগুলো subject হিসেবে বসলে) = Tag question এ পরিবর্তন হয় না। অর্থাৎ, উক্ত শব্দগুলোই tag question এ subject হিসেবে বসে।

**14. I an goint to fall in love ……..?** [JNU 10-11]

(a) am not! (b) ain’t I (c) aren’t I (d) Both b & c (d)

ব্যাখ্যা:- Be verb “am” থাকায় tag question এ “aren’t I/ain’t I” করতে হয়। {I am = aren’t I/ain’t I}

**15. Let’s go to a picnic .______?** [CU 12-13]

(a) shall we (b) shall we not (c) shan’t we (d) will you (a)

ব্যাখ্যা:- Imperative sentence “Let us/Let’s” দিয়ে হলে tag question “shall we”। {Let us/Let’s = shall we}

**16. Choose the correct tag question:** BSc. (SO)]

(a) People can’t fly, can they? (b) People can fly, can they?

(c) People can’t fly, cannot they? (d) People can’t lfy, don’t they? (a)

ব্যাখ্যা:- প্রথম অংশে modal verb “can” থাকায় পরবর্তী অংশে উক্ত modal verb নিয়ে আসা হয়েছে।

**17. It’s hardly rained at all this summer, ________ ?** [RU (H) 14-15]

(a) has it (b) is it (c) isn’t it (d) hasn’t it (a)

ব্যাখ্যা:- “hardly-কদাচিৎ/হয়না বললেই চলে” এই শব্দটি থাকায় বাক্যটি negative হয়েছে। তাই tag হবে affirmative। {Hardly/scarcely/barely/rarely/seldom/few/little etc. = Tag হয় affirmative.

**18. He dislikes the word dislike, ………..?** [Standard bank (TAO: 2018]

(a) sisn’t he (b) doesn’t he (c) hasn’t he (d) does he (b)

ব্যাখ্যা:- Present indefinite tense এ “dislikes” হওয়ায় tense অনুযায়িয় tag এ “doesn’t he” করা হয়েছে।

1. Present indefinite tense = don/does ………..
2. Past indefinite = did ………..

**19. They’ve had two children, …………?** [RU: 16-17]

(a) don’t they (b) hadn’t they (c) didn’t they (d) haven’t they (d)

ব্যাখ্যা:- “……’ve” এটি “have” এর সংক্ষিপ্ত রুপ, সেইজন্য tag question এ “haven’t” করা হয়েছে।

**20. Don’t let him boss you about, ………..?** [JU (E): 17-18]

(a) are you (b) shall you (c) do you (d) none (d)

ব্যাখ্যা:- Imperative sentence “Do not” দ্বারা শুরু হলে tag question হওয়ার কথা will/won’t you, যেহেতু কোনো উত্তরেই তা নেই, তাই সঠিক উত্তর হিসেবে “none” নেওয়া হয়েছে।

**21. You’d rather keep quiet about it, ………..?** [CU (B): 17-189]

(a) did you (b) had you (c) do you (d) wouldn't you (d)

ব্যাখ্যা:- "….'d rather" বলতে "world rather" এই modal verb টিকে বোঝায়। সেইজন্য tag question এ "wouldn't" করা হয়েছে।

**22. Germany has won he football match, ………..?** [NU: 04-05]

(a) has it (b) hasn't it (c) did it (d) does it (b)

ব্যাখ্যা:- "Germany" একটি দেশেকে বোঝানোয়, তার pronoun হিসেবে "it" নেওয়া হয়েছে।

**23. We won't be late.** [KU (C): 18-19]

(a) won't we? (b) will we? (c) are we? (d) should we? (b)

ব্যাখ্যা:- প্রথম অংশে "Modal verb + negative" থাকায় tag question এ affirmative "will we" হয়েছে।

1. Dtatement/প্রথম অংশ (affirmative) = Tag negative
2. Statement/প্রথম অংশ (negative) = Tag affirmative

**24. Choose the correct tag: "Let me do the word, …….. ?** [IU (B): 18-19]

(a) Shall we (b) isn't it (c) will you (d) shon't it (c)

ব্যাখ্যা:- Imperative sentence "Let + me" থাকায় tag এ "will you" করা হয়েছে।

1. Let + me/him/her/them = will you
2. Let + us = shall we

**25. We all long ………. happiness, ……….. we?** CU (A): 18-19]

(a) for, aren't (b) by, don't (c) for, do (d) for, don't (d)

ব্যাখ্যা:- "long + for = প্রত্যাশা করা" Present indefinite tense এ থাকায়, পরবর্তীতে don't করা হয়েছে।

**26. It rained here yesterday, ………..** [RU (B): 18-19]

(a) wasn't it? (b) didn't it? (c) did it? (d) isn't it? (b)

ব্যাখ্যা:- যেহেতু বাক্যটি past indefinite tense এ "rained" হয়েছে, এইজন্য tag এ past indefinite tense এ "didn't" করা হয়েছে।